



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

বিজ্ঞপ্তি

নং-২৮.০১.০০০০.০১২.০২.০০৫.১২-৬৪৮৬

তারিখ : ০৯ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক বিভিন্ন বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী-কে সরবরাহকৃত বিদ্যুতের পাইকারি (বান্ধ) মূল্যহার নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো :


পাইকারি (বান্ধ) বিদ্যুৎ মূল্যহার

বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ		পাইকারি (বান্ধ) বিদ্যুৎ মূল্যহার (টাকা/কি.ও.ঘ.)
১	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিতরণ অঞ্চলসমূহ	
	২৩০ কেভি	৫.৩৫০
	১৩২ কেভি	৫.৪০০
	৩৩ কেভি	৫.৪৫০
২	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পল্লী বিদ্যুৎ সমিতি	
	১৩২ কেভি	৪.০০৭
	৩৩ কেভি	৪.০৫৭
৩	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড	
	১৩২ কেভি	৫.৮৭৮
	৩৩ কেভি	৫.৯২৮
৪	ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড	
	১৩২ কেভি	৬.০১৬
	৩৩ কেভি	৬.০৬৬
৫	ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড	
	১৩২ কেভি	৪.৭৮৪
	৩৩ কেভি	৪.৮৩৪
৬	নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড	
	১৩২ কেভি	৪.৪৪৮
	৩৩ কেভি	৪.৪৯৮

শর্তাবলীঃ

- ১। বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের ১৩২ ও ৩৩ কেভি বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে (Delivery Point) মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯০ এর কম রেকর্ড হলে নিম্নোক্ত হারে সারচার্জ প্রযোজ্য হবেঃ
 - ক) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯০ থেকে পিএফ ০.৮৮ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ০.৫০ শতাংশ হারে সারচার্জ।
 - খ) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮৮ থেকে পিএফ ০.৮০ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.০০ শতাংশ হারে সারচার্জ।
 - গ) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮০ থেকে পিএফ ০.৭৫ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.৫০ শতাংশ হারে সারচার্জ।
- ২। বিলম্বে বিদ্যুৎ বিল পরিশোধে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী এর ক্ষেত্রে মাসে ১% (এক শতাংশ) সরল সুদে বিলম্ব মাশুল প্রযোজ্য হবে।
- ৩। গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের জন্য রেয়াতি হারে পাইকারি (বান্ধ) মূল্যহার নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড সকল পল্লী বিদ্যুৎ সমিতি-কে ধার্যকৃত এই পাইকারি (বান্ধ) মূল্যহারে বিল করবে। রেয়াতি সুবিধা বন্টনের লক্ষ্যে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের আর্থিক, ভৌগোলিক ও অন্যান্য প্রেক্ষিত বিবেচনা করে কমিশন কর্তৃক অনুসৃত পদ্ধতিতে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে ব্রেক-ইভেনে পরিচালনা বিবেচনায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রত্যেক পল্লী বিদ্যুৎ সমিতি এর ২০১৭-১৮ অর্থবছরের নীট রাজস্ব চাহিদা নিরূপণপূর্বক প্রত্যেক পল্লী বিদ্যুৎ সমিতি এর ভিন্ন ভিন্ন পাইকারি (বান্ধ) মূল্যহার স্থির করবে। অর্থবছর শেষে প্রকৃত তথ্যের ভিত্তিতে পল্লী বিদ্যুৎ সমিতি এর আর্থিক অবস্থা বিবেচনায় স্থিরকৃত পাইকারি (বান্ধ) মূল্যহার পুনঃস্থির (refix) করা যাবে।
- ৪। পুনর্নির্ধারিত পাইকারি (বান্ধ) বিদ্যুৎ মূল্যহার এবং এতদসংক্রান্ত শর্তাবলী বিল মাস ডিসেম্বর ২০১৭ থেকে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত তা অপরিবর্তিত থাকবে।

কমিশনের আদেশক্রমে,



মুহঃ মাহরুবুর রহমান
সচিব

ফোনঃ ৯১৪০১২৫